সভা নং-৩১০

**বটিয়াঘাটা উপজেলা পরিষদের আগস্ট, ২০২১ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ১২/০৮/২০২১ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক .

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ১৫ই আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের নিহত সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের আগস্ট/২১ মাসের সভার কার্যক্রম শুরু করেন। | জুলাই/২০২১ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্য বিবরনী দৃঢ়করন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার ১৫ই আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তার পরিবারের নিহত সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, করোনা টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পক্ষ থেকে জনসাধারনকে সচেতন করা হচ্ছে। প্রয়োজনে কেউ বাইরে বের হওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেন। | প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেন। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেন। | ক। উপজেলা নির্বাহী অফিসার<br>খ। উপজেলা প্রকৌশলী। |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ করোনা ভাইরাস ২য় পর্যায় মোকাবেলায় উপজেলা প্রশাসনের সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী অক্লান্ত পরিশ্রম করে চলেছে। তিনি বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম দ্বিতীয় পর্যায়েও তেমন সচেতন থাকতে হবে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। তিনি বলেন, টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে চলতে হবে। তিনি বলেন ডাক্তার ও নার্স স্বল্পতা নিয়েও রুগীদের চাহিদামত সেবা দিয়ে যাচ্ছেন। তিনি বলেন, এপর্যন্ত ২০২১ জনের করোনা টেস্ট করে-৫০৫ জনের পজেটিভ পাওয়া যায়। বর্তমানে ৭টি ইউনিয়নে ১১৯ জন আইসোলেশনে আছেন। তিনি আরো এ পর্যন্ত সর্ব মোট টিকার জন্য নিবন্ধিত হয়েছেন-৪০৬৫৯ জন। ১ম ডোজ এ্যাস্ট্রজেনিকা টিকা নিয়েছেন-১৩০৬০জন। ২য় ডোজ নিয়েছেন-৯৬১৯জন। অপেক্ষামান রয়েছে ৩৪৩০জন। সিনোফার্ম-১ম ডোজ-৪৭৫৩ জন। ২য় ডোজ নিয়েছেন-৫০৮৮জন। সিনোফার্ম মজুদ আছেন-৪৪৪ ডোজ। সর্ব মোট-২২৯০১ জন। টিকা পাইনি-১৭৭৫৮ জন। গণটিকার বিষয়ে আর | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।<br>গ্যারেজ শেড নির্মানের বিষয়ে উপজেলা পরিষদ হতে পরবর্তিতে প্রকল্প নেওয়া হলে বিশেষ বিবেচনা করা হবে।<br>হাঁস মুরগী গরু ছাগল বন্ধের বিষয়ে দ্রুত ব্যবস্থা | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কোনো নির্দেশনা পাওয়া যায়নি। তিনি আরো বলেন, আর স্বাস্থ্য দপ্তরে ডাক্তার ও স্টাফদের গাড়ী ও মটর সাইকেল রাখার জন্য কোনো শেড নাই। একটা শেড করা জরুরী। তিনি উপজেলা পরিষদের অর্থায়নে একটি সেড নির্মানের জন্য সভাকে অনুরোধ করেন। তিনি বলেন, তার স্বাস্থ্য কমপ্লেক্সের ভিতরে যত্রতত্র গরু ছাগল, হাস মুরগী প্রবেশ করে হাসপাতালের পরিবেশ নষ্ট করছে। আশেপাশের লোকজনদের বার বার বলা স্বর্তেও তারা বন্ধ করছে না। তিনি এ বিষয়ে উপজেলা প্রশাসনের সদয় দৃষ্টি আকার্ষন করেন। | নেয়া হবে। | |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, চলতি অর্থ বছরে রোপা আমন মৌসুমে আমন ধানের চারা রোপন শুরু হয়েছে। এ বছর অত্র উপজেলায়-১৭,৬০০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। আশা করা যায় এ লক্ষমাত্রা অর্জিত হবে।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের অর্থায়নে কৃষি অফিসের সীমানা সংরক্ষনের জন্য তারকাটার বেড়া দেওয়া হয়েছিলো। সেহেতু পাকা প্রাচীর করা হচ্ছে সেহেতু তারকাটা সংরক্ষন করা প্রয়োজন। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>কৃষি অফিসের তারকাটা সংরক্ষনের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী। |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। জেলেদের ২য় কিস্তির চাল বিতরন সুষ্ঠভাবে শেষ করার জন্য তিনি সকল ইউনিয়ন চেয়ারম্যানদে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, সমুদ্রগামী ১০ জন জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষে একটি তালিকা তৈরি করা হচ্ছে। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা সহ: শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম | সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি | সমাজসেবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, ২১-২২ অর্থ বছরে শতভাগ বিধবা ও বয়স্কভাতার আওতায় আনার জন্য আগামী ৩১ শে আগস্টের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আবেদন ইউনিয়ন পরিষদ ও উপজেলা সমাজসেবা দপ্তরে এবং উপজেলা ডিজিটাল সেন্টারে করা যাবে। এবিষয়ে মাইকিং করা হবে এবং সকল ইউপি চেয়ারম্যনদের সহযোগীতা কামনা করেন। | মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>বিধবা ও বয়স্কভাতা নিবন্ধনের বিষয়ে সহযোগীতা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br>ক। তিনি বলেন, ২০-২১ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>খ। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য ১৬৫ টি উন্নয়ন প্রকল্প গৃহিত হয়। সময় ও অর্থ সাশ্রয়ের কথা বিবেচনায় রেখে ১৬৪ টি প্রকল্পের সমন্বয়ে ৩৬(ছত্রিশ) টি প্যাকেজ গঠণ করে ইতোমধ্যে প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। উল্লেখিত উন্নয়ন প্রকল্প কাজের প্রাক্কলন অনুমোদন ও দরপত্র আহবান প্রক্রিয়া নির্ধারণ জরুরী। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান ।<br>গ। তিনি আরো বলেন, উপজেলা পরিষদের দপ্তরিক বিভিন্ন কাজ করার জন্য ফটোকপি মেসিন নাই। একটি ফটোকপি মেসিন অত্যান্ত জরুরী। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের টুলস্ এন্ড ইকুয়েপমেট খাত হতে একটি ফটোকপি মেসিন ক্রয়ের জন্য সভাকে অনুরোধ করেন।<br>ঘ। তিনি জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় ১৫,০০,০০০/=টাকা ব্যয়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারিরীক নিরাপত্তার জন্য "আনসার সদস্যদের আবাসন ভবন" নির্মাণের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-২৭২ তাং-২৯ মার্চ ২০২১ খ্রিঃ মাধ্যমে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। ইতোমধ্যে অত্র কাজের প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে । অতঃপর তিনি সভায় প্রাক্কলন উপস্থাপন করে বিশদ আলোচনান্তে প্রাক্কলন অনুমোদন, প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং দরপত্র আহবান প্রক্রিয়া নির্ধারণের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান । | ক সভায় বিস্তারিত আলোচনাঅন্তে ২০২০-২১ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কমিটিসমূহ বিস্তারিত আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ, মোতাবেক।<br>খ। বিস্তারিত আলোচনান্তে ২০২০-২১ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহিত ১৬৫ টি প্রকল্পের প্রাক্কললন অনুমোদন করা হলো এবং গঠিত ৩৬টি প্যাকেজ কাজ e-GP(LTM) পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>গ। সভায় আলোচনাঅন্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের টুলস্ এন্ড ইকুয়েপমেট খাত হতে ১.৬০ লক্ষ টাকা ব্যয়ে একটি ফটোকপি মেসিন ক্রয়ের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি করা হয়। পরিশিষ্ঠ-খ। | ক। উপজেলা প্রকৌশলী<br>খ।সভাপতি প্রকল্প কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ। তিনি জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা নভেম্বর'২০১৪ এর অনুচ্ছেদ ১৫ এর বর্ণনা মোতাবেক উপজেলা পরিষদের উন্নয়ন জমার অনধিক ০.৫%(শূন্য দশমিক পাঁচ ভাগ) অর্থ সংশ্লিষ্ট উপজেলার সকল উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধানের জন্য চলতি আনুষাঙ্গিক প্রয়োজনে ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। সে আলোকে উন্নয়ন কাজ বাস্তবায়ন ক্ষেত্রে প্রকল্পের তত্ত্বাবধানসহ প্রয়োজনীয় মণিহারী দ্রব্যাদী ক্রয়ের জন্য বরাদ্দ প্রয়োজন। এতদ্বিষয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য তিনি সভায় রাখেন। | ঘ। বিস্তারিত আলো[illegible] উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ১৫,০০,০০০/=টাকা ব্যয়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারিরীক নিরাপত্তার জন্য "আনসার সদস্যদের আবাসন ভবন" নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হলো। তৎসহ প্রণীত প্রাক্কলন অনুমোদন পূর্বক e-GP(LTM) পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়া বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>ঙ। উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধানের জন্য চলতি আনুষাঙ্গিক ব্যয়ের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | উপঃ সহঃ প্রঃ জনস্বাস্থ্য | উপঃ সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপঃ সহঃ প্রঃ জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। ঋণ আদায় কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সঃ কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রঃবাঃ কর্মকর্তা |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান, ১নং ইউপি বলেন, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান,২নং বটিয়াঘাটা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে | চেয়ারম্যান ৩নং ইউপি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ধন্যবাদ জানানো হয়। | |
| | ...রম্যান, ...ং ইউপি | প্যানেল চেয়ারম্যান ৪নং ইউপি বলেন তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | ৫নং ভান্ডারকোট ইউ.পি চেয়ারম্যানের সভায় জানান যে, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | বিউটি মন্ডল,সংরক্ষিত সদস্য উ:প: | বিউটি মন্ডল, সংরক্ষিত সদস্য উ:প: বলেন, কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সংরক্ষিত সদস্য উ:প: |
| ২৭ | দিপ্তি মল্লিক, সংরক্ষিত সদস্য উ:প: | দিপ্তি মল্লিক সংরক্ষিত সদস্য উ:প: বলেন, কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সংরক্ষিত সদস্য উ:প: |
| ২৮ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই,২১ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৮,২৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৮,৩০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং আগস্ট, ২১ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম এখন দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে এখনও তেমন সচেতন থাকতে হবে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস দ্বিতীয় পর্যায় প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সংশ্লিষ্ট কমিটি। |
| ৩০ | সভাপতি | সভার সভাপতি মহোদয় বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পক্ষ থেকে জনসাধারনকে স্বাস্থবিধি মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। বাইরে গেলে অবশ্যই প্রত্যেকে মাস্ক ব্যবহার করার জন্য তিনি পরামর্শ দেন। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সকল সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি [illegible] জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, [illegible] টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

১২/০৮/২২

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।

# সভা নং- ৩১০

উপজেলা পরিষদের আগষ্ট/২১ মাসের সভা কার্যবিবরণী
সভাপতি: মো: আশরাফুল আলম খান চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা। তারিখ: ২২/০৮/২০২১খ্রি: বেলা- ১০.০০টা
সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর | |
|---|---|---|---|---|
| ১ | জনাব মো: আশরাফুল আলম খান | চেয়ারম্যান উ: প: বটি: | [signature] | |
| ২ | " মো: নজরুল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার | [signature] | |
| ৩ | " নিতাই গাইন | উ: ভাইস চেয়ারম্যান | [signature] | |
| ৪ | " চঞ্চলা মন্ডল | উ: মহি: ভাইস চেয়ারম্যান | [signature] | |
| ৫ | " শেখ মো: আশিকুজ্জামান | চেয়ারম্যান, ৭নং জলমা ইউপি | [signature] | |
| ৬ | " মনোরঞ্জন মন্ডল | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা, ইউপি | [signature] | |
| ৭ | " শেখ মো: হাদি-উজ জামান হাদী | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | [signature] | |
| ৮ | " মো: আব্দুল হাদী সরদার | চেয়ারম্যান, ৪নং সুরখালী, ইউপি | [signature] | |
| ৯ | " মো: ইসমাইল হাসান শেখ | চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট ইউপি | [signature] | |
| ১০ | " মো: গোলাম হাসান শেখ | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | [signature] | |
| ১১ | " বি কম মিলন | চেয়ারম্যান, ১নং আমিরপুর ইউপি | [signature] | |
| ১২ | " বিউটি মন্ডল | উ: পরিষদ সদস্য | [signature] | |
| ১৩ | " দিপ্তী রানী মল্লিক | ঐ | দীপ্তি মল্লিক | |
| ১৪ | ডা: মো: মিজানুর রহমান | উ: স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [signature] | |
| ১৫ | " মোলিনা খাতুন | উ: পরি: পরিকল্পনা কর্মকর্তা | [signature] | ললিতা কর্মকার, AFWO(MCH-FP) |
| ১৬ | " রবিউল ইসলাম | উ: কৃষি অফিসার | [signature] | |
| ১৭ | " মো: মনিরুল মামুন | সিনি: মৎস্য কর্মকর্তা | [signature] | [illegible] |
| ১৮ | " ডা: বঙ্কিম কুমার হালদার | উ: প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] | [illegible] |
| ১৯ | " এমদাদুল হক | উ: প্রকল্প বাস্ত: কর্মকর্তা | [signature] | |
| ২০ | " অমিত সমাদ্দার | উ: সমাজসেবা অফিসার | [signature] | |
| ২১ | " কে এম আলমগীর কবির | উ: শিক্ষা অফিসার | [signature] | |
| ২২ | " হাসি রানী রায় | উ: মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] |
| ২৩ | " মোনামিম খান | উ: যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] | |
| ২৪ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উ: প্রকৌ: | [signature] ২২/০৮/২০২১ | |
| ২৫ | " মো: হাফিজুর রহমান | উ: সহ: প্রকৌ: (জনস্বাস্থ্য) | [signature] | |
| ২৬ | " জান্নাতুন নেছা | উ: সমবায় অফিসার | [signature] | [illegible] |